

প্রগতিশীল প্রযুক্তি অন্তর্ভুক্তিমূলক
উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের দপ্তর
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭



স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২৩.১৭১৩

২৬ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১০ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণের জন্য ছাত্রছাত্রী নির্বাচন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়) এর মাধ্যমে সারাদেশের প্রতিটি সংসদীয় আসনে ০১টি করে মোট ৩০০টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল স্কুল অব ফিউচার” স্থাপন করা হয়েছে। প্রতিটি শেখ রাসেল স্কুল অব ফিউচারে ০৬টি ডিজিটাল স্মার্ট বোর্ড, ০৫টি ডিজিটাল হাজিরা মেশিন, ০১টি ওয়াইফাই রাউটার, ০৪টি ডেস্কটপ কম্পিউটার, প্রয়োজনীয় সংখ্যক ডিজিটাল আইডি কার্ড, ৩২টি মডিউল সমৃদ্ধ স্কুল অব ফিউচার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার সরবরাহ করা হয়েছে।

০২। শেখ রাসেল স্কুল অব ফিউচার প্রাপ্ত প্রতিটি প্রতিষ্ঠান থেকে (৬ষ্ঠ-থেকে ১০ম) ৯০ জন ছাত্রছাত্রী নিয়ে মোট ২৭,০০০ ছাত্রছাত্রীকে পাইথন প্রোগ্রামিং বিষয়ে ১৫ দিন ব্যাপী (প্রতিদিন ০২ ঘণ্টা করে) প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণটি সারা বাংলাদেশে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য উক্ত প্রশিক্ষণ কার্যক্রমটি আগামী ১৪/০৮/২০২৩ তারিখ হতে শুরু হতে পারে। তাই তাঁর প্রতিষ্ঠানের কম্পিউটার পরিচালনায় পারদর্শী (৬ষ্ঠ-থেকে ১০ম শ্রেণির) ৯০ জন ছাত্রছাত্রীর তালিকা প্রস্তুত করতে হবে। ইতোপূর্বে তাঁর প্রতিষ্ঠান থেকে সরবরাহকৃত সকল ছাত্রছাত্রীদের বিস্তারিত তথ্য www.soms.gov.bd সফটওয়্যারে আপলোড করা হয়েছে। প্রকল্প কর্তৃক নির্ধারিত উক্ত সফটওয়্যারের মাধ্যমে প্রশিক্ষার্থী ছাত্রছাত্রী নির্বাচন করতে হবে। সফটওয়্যারের মাধ্যমে প্রশিক্ষার্থী নির্বাচন সংক্রান্ত যে কোনো কারিগরি সহযোগিতার জন্য জনাব বিপ্লব চন্দ্র সরকার, প্রোগ্রামার (মোবাইল-০১৭৩২-২১৬৩৪১), জনাব মোঃ মাহবুবুর রহমান, সহকারী প্রোগ্রামার (মোবাইল-০১৭৯৪-০০০০১১), জনাব শরিফুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, (মোবাইল-০১৯১২৪৩৬৬৯২), জনাব রিয়াসাত রায়হান নূর, সহকারী প্রোগ্রামার (মোবাইল-০১৬৭২-৭০২৪৩৭) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৩। এমতাবস্থায়, তাঁর প্রতিষ্ঠানের কম্পিউটার পরিচালনায় পারদর্শী (৬ষ্ঠ-থেকে ১০ম শ্রেণির) ৯০ জন ছাত্রছাত্রী প্রকল্প কর্তৃক নির্ধারিত www.soms.gov.bd সফটওয়্যারের মাধ্যমে বাছাই করে আগামী ১৩/০৮/২০২৩ তারিখের মধ্যে প্রস্তুত করার জন্য অনুরোধ করা হলো।

১০-০৮-২০২৩

এস এ এম রফিকুলমবী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

০২-৫৫০০৬৮২৬ (ফোন)

০২-৫৫০০৬৮২৬ (ফ্যাক্স)

pdsrdl@doict.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক..... কলেজ/বিদ্যালয়

স্মারক নম্বর:

২৬ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১০ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (অধীন সকল কর্মকর্তা/ প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)।;
- ৪। জেলা প্রশাসক (সকল)।;

- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।;
- ৬। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৭। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের অবগতির জন্য);
- ৮। উপ প্রকল্প পরিচালক (সাধারণ) (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালকের দপ্তর, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়);
- ৯। জেলা শিক্ষা অফিসার(সকল)। (অধীন সকল কর্মকর্তা/ প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
- ১০। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার(সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ১১। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ১২। সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং
- ১৩। অফিস কপি/মাস্টার ফাইল।



Murad

১০-০৮-২০২৩

মির্জা মুরাদ হাসান বেগ

উপ প্রকল্প পরিচালক (সাধারণ) (অতিরিক্ত দায়িত্ব)